এই অনুচ্ছেদের উদ্দেশ্যসাধনকল্পে তিনি বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন না।

(২খ) এই অনুচ্ছেদের উদ্দেশ্যসাধনকল্পে কোন ব্যক্তি কেবল রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্পীকার, ডেপুটি স্পীকার, মন্ত্রী, প্রতি-মন্ত্রী বা উপ-মন্ত্রী হইবার কারণে প্রজাতন্ত্রের কর্মে কোন লাভজনক পদে অধিষ্ঠিত বলিয়া গণ্য হইবেন না।"

## ২৬। পদত্যাগ, ইত্যাদি কারণে আসন শূন্য হওয়া
## (অনুচ্ছেদ ৭০)

**সুপারিশ ঃ**

২৬। **সংবিধানের অনুচ্ছেদ ৭০ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ৭০ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৭০ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"৭০। **রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে আসন শূন্য হওয়া।**—(১) কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি—

(ক) উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা

(খ) সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন,

তাহা হইলে সংসদে তাঁহার আসন শূন্য হইবে, তবে তিনি সেই কারণে পরবর্তী কোন নির্বাচনে সংসদ-সদস্য হইবার অ-যোগ্য হইবেন না।"।

## ২৭। রাষ্ট্রপতি কর্তৃক বিলে সম্মতিদান
## (অনুচ্ছেদ ৮০)

**সুপারিশ ঃ**

২৭। **সংবিধানের অনুচ্ছেদ ৮০ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ৮০ এর-

(ক) দফা (৩) এর "সম্মতি দান করিবেন" শব্দগুলির পর "কিংবা তাহাতে সম্মতি দানে বিরত রহিলেন বলিয়া ঘোষণা করিবেন" শব্দগুলি সন্নিবেশিত হইবে ; এবং

(খ) দফা (৪) এর "মোট সংসদ-সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা" শব্দগুলি বিলুপ্ত হইবে।

## ২৮। আর্থিক ব্যবস্থাবলী সম্পর্কিত বিলে রাষ্ট্রপতির সুপারিশ
## (অনুচ্ছেদ ৮২)

**সুপারিশ ঃ**

২৮। **সংবিধানের অনুচ্ছেদ ৮২ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ৮২ এর শর্তাংশে "তবে শর্ত থাকে যে," শব্দগুলি ও কমার পর "কোন অর্থ বিলে" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

## ২৯। সংসদ ভঙ্গ অবস্থায় রাষ্ট্রপতির অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা
## (অনুচ্ছেদ ৯৩)

**সুপারিশ ঃ**

২৯। **সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (১) এর "সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত" শব্দগুলির পরিবর্তে "সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় অথবা উহার অধিবেশনকাল ব্যতীত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।